# কৃষি মন্ত্রণালয়ে ৯-২-৯৮ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৭ম সভার কার্য বিবরণী

বিগত ৯-২-৯৮ ইং তারিখে অতিরিক্ত সচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয়ের সভাপতিত্বে সীড প্রমোশন কমিটির ৭ম সভা কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "খ" এ দেয়া হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানান এবং আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি'কে অনুরোধ করেন।

**আলোচ্যসূচী-১ঃ ১৯৯৭-৯৮ উৎপাদন মৌসুমের জন্য আউশ বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ ঃ**

আলোচনা ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, বিগত বছরসমূহে প্রতি বছর প্রায় ৪০০-৫০০ টন আউশ বীজ বিতরণ হয়েছে এবং ১৯৯৭-৯৮ আউশ মৌসুমে বিতরণের জন্য বিএডিসির নিকট ৫১৬ টন আউশ বীজ রয়েছে। তিনি আরও বলেন যে, সাম্প্রতিক সীড প্রমোশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গবেষণা প্রতিষ্ঠানসমূহ কেবলমাত্র প্রয়োজন অনুযায়ী ব্রিডার বীজ উৎপাদন করবে। ১৯৯৮-৯৯ এবং ১৯৯৯-২০০০ সালের জন্য বিএডিসি যথাক্রমে ১৯৫ কেজি ও ১৫৫ কেজি ব্রিডার বীজের চাহিদা দিয়েছে। যেহেতু বেসরকারী সেক্টরের ব্রিডার বীজ সংগ্রহের জন্য সরকারী সেক্টরের সমান সুযোগ দেয়া হয়েছে, তাই তাদের চাহিদাও সাথে সংযুক্ত করে ব্রিডার বীজ উৎপাদন করতে হবে। বেসরকারী বীজ উৎপাদকদের নিকট থেকে ধান গবেষণা ইনস্টিটিউট বা বিএডিসি কোন চাহিদা পায়নি বলে জানানো হয়।

আউশ বীজ বিক্রি কম হওয়ার ব্যাপারে আলোচনাকালে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি তাদের দেয়া জাতওয়ারী চাহিদা অনুযায়ী বিভিন্ন জেলায় বীজ প্রেরণের উপর জোর দেন। সভায় জেলা পর্যায়ে বীজ সরবরাহ ও বিক্রি বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে বিএডিসি ও কৃষি সম্পসারণ বিভাগের কর্মকর্তাদের মধ্যে আরও নিবিড় সমন্বয়ের পক্ষে মত প্রকাশ করা হয়। মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বীজ বিক্রয়ের জন্য কৃষি তথ্য বিভাগের আরও সক্রিয় সহযোগিতার প্রয়োজনীয়তা রয়েছে বলে উল্লেখ করেন। কৃষি তথ্য সার্ভিসের প্রতিনিধি জানান যে, জাতওয়ারী বীজ সরবরাহ, বিক্রয় মূল্য ইত্যাদি সংক্রান্ত তথ্য তাদের দপ্তরে জানান হলে, তারা এ সংক্রান্ত বহুল প্রচারের ব্যবস্থা নিবেন। মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি এ সংক্রান্ত তথ্য তাদের জানানো হবে বলে জানান এবং কর্মসূচীতে অন্তর্ভুক্ত জাতের বীজের বহুল প্রচারের অনুরোধ করেন।

ধান গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি নতুন জাতের ব্রিডার বীজের চাহিদা বাড়িয়ে বিআর-৩ জাতের চাহিদা কমানো যেতে পারে বলে উল্লেখ করেন। ব্যবস্থাপক (খামার), বিএডিসি ও সীডম্যানস্ সোসাইটির প্রতিনিধি আউশের ভাল নতুন জাতের অভাব রয়েছে বলে উল্লেখ করেন।

মহা-ব্যবস্থপক (বীজ), বিএডিসি বলেন যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বীজের চাহিদা দিচ্ছে কাজেই সাথে সাথে তাদের মার্কেট চাহিদাও সৃষ্টি করা প্রয়োজন। এ সময়ে সভাপতি উল্লেখ করেন যে, কোন কারণে বীজ বিক্রি নাহলে বিএডিসিকে জবাবদিহি করতে হয় এবং আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয়।

সীডম্যানস্ সোসাইটির প্রতিনিধি বীজ ডিলারদের নিকট থেকে বীজের চাহিদা নেয়ার কথা উল্লেখ করলে ডিলারগণ কেবলমাত্র বাণিজ্যিক দিক বিবেচনা করে বীজের চাহিদা দিবে বলে সভায় মতামত প্রকাশ করা হয় এবং বীজের চাহিদা নিরূপণের ক্ষেত্রে সম্প্রসারণ বিভাগের অন্তর্ভুক্তির উপর জোর দেয়া হয়। বাংলাদেশ সীডম্যানস্ সোসাইটির প্রতিনিধি বীজ ব্যবসায়ীরা ধানের হাইব্রিড বীজ-এর ব্যবসায়ের দিকে আগ্রহী বলেও উল্লেখ করেন।

সিদ্ধান্ত ঃ

(১) আগামী আউশ মৌসুমে বিএডিসি ৬টি জাতের ৬২৫ টন প্রত্যায়িত বীজ এবং ১২ টন (স্টেজ-১) ও ২৫ টন (স্টেজ-২) ভিত্তি আউশ বীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট-ক)।

(২) ধান গবেষণা প্রতিষ্ঠান ১৯৯৮-৯৯ ও ১৯৯৯-২০০০ সনে ৬টি জাতের যথাক্রমে ১৯৫ কেজি ও ১৬৫ কেজি ব্রিডার আউশ বীজ বিএডিসিকে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-ক)।

(৩) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচীতে অন্তর্ভুক্ত জাতসমূহের বীজ বিক্রয়ের জন্য ক্যাম্পেন আকারে প্রচার কর্মসূচী গ্রহণ করবে।

(৪) বিএডিসি বীজের জাতওয়ারী সরবরাহ কর্মসূচী, বিক্রয় মূল্য ইত্যাদির তথ্য কৃষি তথ্য সার্ভিসকে যথাসময়ে সরবরাহ করবে।

(৫) মাঠ পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বিএডিসির কর্মকর্তাদের সমন্বয় জোরদার করা হবে।

আলোচ্যসূচী-২ ঃ ১৯৯৮-৯৯ মৌসুমের জন্য পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।

আলোচনা ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, বিগত বছরসমূহের পাট বীজ বিতরণের পরিমাণ, বর্তমান বছরের মজুদ, কৃষি সম্প্রসারণ বিভাগের ১৯৯৮-৯৯ বিতরণ মৌসুমের চাহিদা এবং পিপি-র লক্ষ্যমাত্রা বিবেচনা করে ১৯৯৮-৯৯ মৌসুমে ৪২৫ টন দেশী ও ৭০০ টন তোষা অর্থাৎ মোট ১১২৫ টন পাট বীজ উৎপাদনের প্রস্তাব করা হয়েছে। এছাড়া ১৯৯৮-৯৯ এবং ১৯৯৯-২০০০ সালের জন্য ৩৬ কেজি করে ব্রিডার বীজের চাহিদাও দেয়া হয়েছে। এই পর্যায়ে বিজেআরআই এর প্রতিনিধি বলেন যে, বিগত ২৭-০২-৯৭ ইং তারিখে সীড প্রমোশন কমিটির সভায় চলতি মৌসুমের জন্য ৭২০ কেজি ব্রিডার বীজের চাহিদা দেয়া হয় কিন্তু বর্তমানে সেই পরিমাণ মাত্র ৩৬ কেজিতে নামিয়ে আনা হয়েছে। তাছাড়া আগামী বছরের জন্যও ৩৬ কেজি ব্রিডার বীজের চাহিদা দেয়া হয়েছে। বিজেআরআই-এর প্রতিনিধি এর কারণ জানতে চাইলে পাট বীজ বিভাগ, বিএডিসির প্রতিনিধি জানান যে, দুই পর্যায়ে ব্রিডার বীজ পরিবর্ধন করে ভিত্তি বীজের চাহিদা মিটানো হবে বিধায় ব্রিডার বীজের চাহিদা কমানো হয়েছে। বিজেআরআই এর প্রতিনিধি উল্লেখ করেন যে, এই পদ্ধতিতে বীজের মান কমে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে বিএডিসি'র পাট বীজ বিভাগের প্রতিনিধি জানান যে, ব্রিডার বীজের পরিবর্ধন বিএডিসির ২টি পাট বীজ খামারে করা হয় ও বীজের মান সমুন্নত রাখার জন্য সর্বাত্মক ব্যবস্থা নেয়া হয়। মহা-পরিচালক, বীজ উইং উল্লেখ করেন যে, যেহেতু প্রতি বছরই নতুন ব্রিডার বীজের সরবরাহ নেয়া হচ্ছে, তাই বীজের মান নীচু হওয়ার সম্ভাবনা কম। তাছাড়া ভিত্তি পাট বীজ অব্যবহৃত থাকলে তা ব্যবহারের অন্য কোন পথও নেই বলে সভায় মত প্রকাশ করা হয়। সীডম্যানস্ সোসাইটির প্রতিনিধি উল্লেখ করেন যে, বাংলাদেশে বর্তমানে প্রায় ৪০০০ টন পাট বীজের প্রয়োজন। এই প্রয়োজনীয় বীজের বহলাংশ পার্শ্ববর্তী দেশ হতে বৈধ/অবৈধ উপায়ে আসে। বীজের এই অনুপ্রবেশ বন্ধ করতে পারলে বেসরকারী পর্যায়ে পাট বীজ উৎপাদন বৃদ্ধি পাবে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, চলতি মৌসুমে বীজ বিনিময় কর্মসূচীর অধীনে ১০০০টি প্রদর্শনীর মাধ্যমে ১০০০ বিঘা জমিতে, ও-৯৮৯৭ জাতের নাবী পাট বীজ উৎপাদন কর্মসূচী নেয়া হয়েছে, তবে দেরীতে বপণ হওয়ায় ঐ ফসল হার্ভেস্টিং শেষ হয়নি। নাবী পাট বীজ উৎপাদন প্রক্রিয়ায় কৃষক অন্য রবি ফসল করতে পারে না বিধায় অনেক কৃষকই এই পদ্ধতিতে বীজ উৎপাদনে আগ্রহী নয় বলে সভায় মত প্রকাশ করা হয়।

পাট বীজ বিভাগ, বিএডিসি-র প্রতিনিধি উল্লেখ করেন যে, পাট মন্ত্রণালয় বিএডিসি হতে বীজ সরবরাহ নিয়ে পাট বীজ উৎপাদন করে। কিন্তু সভার আলোচনা অনুসারে পাট বীজ উৎপাদনের কোন তথ্য পাট মন্ত্রণালয় হতে পাওয়া যায় না বলে জানা যায়।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৮-৯৯ উৎপাদন মৌসুমে বিএডিসি ৪২৫ টন দেশী প্রত্যায়িত ও ৭০০ টন তোষা প্রত্যায়িত অর্থাৎ মোট ১১২৫ টন পাট বীজ উৎপাদন করবে। সাথে সাথে ১২ টন দেশী এবং ২২ টন তোষা জাতের ভিত্তি বীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট-ক)।

(২) ১৯৯৮-৯৯ উৎপাদন মৌসুমে বিজেআরআই ৭২০ কেজি বীজ এবং ১৯৯৯-২০০০ সালের উৎপাদন মৌসুমে ৩৬০ কেজি বীজ বিএডিসিকে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-ক)। সরবরাহের লক্ষ্যে বর্তমান কর্মসূচীর অতিরিক্ত ব্রিডার সীড উৎপাদন করতে হলে পূর্বেই সীড প্রমোশন কমিটির অনুমোদন নিতে হবে।

(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বীজ বিনিময় কর্মসূচী/প্রদর্শনীর এলকাভিত্তিক জাত, বীজ বপণের সময়, ফসল কর্তনের সময় ও একরপ্রতি ফলন উল্লেখ করে বিএডিসিকে তথ্য সরবরাহ করবে।

(৪) বিএডিসি জাতওয়ারী পাট বীজ উৎপাদন কর্মসূচী ও সংগ্রহের পরিমাণ, পাট বীজের বিক্রয় মূল্য ইত্যাদি কৃষি তথ্য বিভাগকে জানাবে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত বিভিন্ন জাতের সমুদয় পাট বীজ বিক্রয়ের লক্ষ্যে ক্যাম্পেন আকারে সর্বাত্মক প্রচার কর্মসূচী গ্রহণ করবে।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ১৫/০২/৯৮
(মোঃ আব্দুল হালিম)
অতিরিক্ত সচিব (উপকরণ)
কৃষি মন্ত্রণালয়
এবং
সভাপতি, সীড প্রমোশন কমিটি

পরিশিষ্ট-ক

## ১৯৯৮-৯৯ সালে বিএডিসির আউশ ও পাট বীজ উৎপাদন এবং ব্রিডার বীজ সরবরাহ/উৎপাদন সংক্রান্ত ৯-২-৯৮ইং তারিখের সীড প্রমোশন কমিটির ৭ম সভার সিদ্ধান্ত

| বীজের নাম | জাত | ১৯৯৮-৯৯ সালে উৎপাদনের পরিমাণ (টন) | | | ব্রিডার বীজের চাহিদা/উৎপাদন কর্মসূচী (কেজি) | |
|---|---|---|---|---|---|---|
| | | ভিত্তি | | প্রত্যায়িত | ১৯৯৮-৯৯ চাহিদা (মার্চ/৯৮) | ৯৮-৯৯ উৎপাদন এবং ৯৯-২০০০ চাহিদা (মার্চ/৯৯) |
| | | স্টেজ-১ | স্টেজ-২ | | | |
| ১ | ২ | ৩(ক) | ৩(খ) | ৪ | ৫ | ৬ |
| আউশ | বিআর-৩ | ৩ | ৭ | ১২৫ | ৫০ | ৩০ |
| | বিআর-১৪ | ৩ | ৫ | ১৫০ | ৫০ | ৬০ |
| | বিআর-২১ | ১ | ২ | ২৫ | ১৫ | ১৫ |
| | বিআর-২৪ | ১ | ১ | ১০ | ১৫ | ১৫ |
| | বিআর-২৬ | ৩ | ৮ | ২৭৫ | ৫০ | ৩০ |
| | ব্রিধান-২৭ | ১ | ২ | ৪০ | ১৫ | ১৫ |
| মোটঃ | | ১২ | ২৫ | ৬২৫ | ১৯৫ | ১৬৫ |
| | | | | | | |
| পাট | দেশী | | | | | |
| | সিভিএল | ১১ | | ৪০০ | ২০০ | ১০০ |
| | সিভিই | ১ | | ২৫ | ২০ | ১০ |
| | মোট দেশী ঃ | ১২ | | ৪২৫ | ২২০ | ১১০ |
| | তোষা | | | | | |
| | ও-৪ | ১২ | | ৪০০ | ২৫০ | ১০০ |
| | ও-৯৮৯৭ | ১০ | | ৩০০ | ২৫০ | ১৫০ |
| | মোট তোষা ঃ | ২২ | | ৭০০ | ৫০০ | ২৫০ |
| সর্বমোট ঃ | | ৩৪ | | ১১২৫ | ৭২০ | ৩৬০ |

পরিশিষ্ট-"খ"

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা-এর স্মারক নং-১মব্য(বীজ)৯৭-৯৮(অংশ) ৫১/৪০ তারিখ ঃ
৪-২-৯৮ ইং এর প্রেক্ষিতে ৯-২-৯৮ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৭ম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ
(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী ও সংস্থার নাম | টেলিফোন নম্বর |
|---|---|---|---|
| ১. | জনাব মুঃ ফজলুল হক রিকাবদার | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস | ৯১১২২৬০ |
| ২. | জনাব গোলাম আহমেদ | পচিালক, বীজ প্রত্যয়ন এজেন্সী | ০৬৮১-২০৩৩ |
| ৩. | জনাব মোঃ নূরুল ইসলাম | মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | ৮৬৬০৮৭ |
| ৪. | ডঃ এ. বি. এম. আব্দুল্লাহ | পরিচালক, বিজেআরআই | ৯১১৬০৯৬ |
| ৫. | জনাব মোঃ আজিজুল ইসলাম | সভাপতি, এস.এস.বি | ৯৩৩৬৮৪৬ |
| ৬. | জনাব মোঃ হুমায়ুন কবির | সহঃ বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | |
| ৭. | মিঃ হারান চন্দ্র সরকার | এসএসও এবং ভারপ্রাপ্ত প্রধান, জিআরএস বিভাগ, ব্রি | ২২৬৫/৩৩৯ |
| ৮. | জনাব মোহাম্মদ আবু ইছা | উপ-পরিচালক, ডি.এ.ই | ৩২৬৬৭১ |
| ৯. | জনাব মোঃ মোখলেছুর রহমান | পাট বীজ বিভাগ, বিএডিসি, ঢাকা | ৯৫৫০৮৯৪ |
| ১০. | জনাব জি.এম. মঈনুদ্দীন | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি | ৯৫৫২৩১৭ |